বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা

...

| | |
|---|---|
| সভাপতি | ড. শাহনাজ আরেফিন. এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ২৪ নভেম্বর ২০২১ খ্রি (বুধবার) |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-২, লেবেল-১০ |
| উপস্থিতি | সংযোজনী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব রেজাউল আযম ফারুকী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোনো প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmed) হয়। অতঃপর তিনি সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে এডিপিভুক্ত ১২টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৮৯২৮৬.৫৯ (দুই হাজার আটশত বিরানব্বই কোটি ছিয়াশি লক্ষ উনষাট হাজার) লক্ষ টাকা, এডিপিতে বরাদ্দ ১৪২১২৩.০০ (এক হাজার চারশত একুশ কোটি তেইশ লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের অক্টোবর পর্যন্ত ব্যয় ১০ কোটি ৭৫ লক্ষ ১৩ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে অক্টোবর ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০.৭৬%। অন্যদিকে এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় অগ্রগতি ১৩.০৬%।

২। এ পর্যায়ে অতিরিক্ত সচিব উন্নয়ন এর নির্দেশনা অনুযায়ী, উন্নয়ন-৩ অধিশাখার উপসচিব বেগম জেসমীন আকতার পাওয়ার পয়েন্টের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচিতিমূলক তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। উপস্থাপনার উপর উপস্থিত প্রকল্প পরিচালকগণ এবং মহাপরিচালক, বিবিএসসহ সংশ্লিষ্টরা আলোচনায় অংশ নেন।

৩। প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প** মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি) । প্রকল্প পরিচালক: জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচাল | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১২৯৯ কোটি ২১ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩২৪ কোটি ৮০ লক্ষ ২৫ হাজার টাকা। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ৫ কোটি ৭৬ লক্ষ ৮৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.৪৪%।<br>সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক সভায় জানান, প্রতিবন্ধী আইন-২০১৩ অনুযায়ী প্রতিবন্ধিতার ১১ টি ক্যাটাগরি সংক্রান্ত তথ্য জনশুমারির মাধ্যমে সংগ্রহ করা হবে। অন্যদিকে জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্পের মাধ্যমে ১১ টি ক্যাটাগরির অতিরিক্ত কিছু সাব-ক্যাটাগরি অন্তর্ভুক্ত করা হয়েছে, যার ফলে প্রাপ্ত তথ্যের/ডেটার কিছুটা তারতম্য হতে পারে। এই পর্যায়ে সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ-২০১৯ জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয়সহ অন্যান্য স্টেকহোল্ডারদের মতামত ও চাহিদার প্রেক্ষিতে প্রশ্নপত্রে এসব সাব-ক্যাটাগরি নেয়া হয়েছে। | ক) প্রতিবন্ধী বিষয়ে বিদ্যমান আইন, বিধি-বিধান এবং প্রতিবন্ধী বিষয়ে কাজ করে এমন দেশীয় ও আন্তর্জাতিক স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় করে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এবং জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্পে তথ্য সংগ্রহ করতে হবে, যাতে প্রাপ্ত তথ্যের/ডেটার তারতম্য যথসম্ভব কমিয়ে আনা যায়। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপস |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক, বিবিএস। | | | চিব (উন্নয়ন-১ অধিশাখা) এবং প্রকল্প পরিচালক |
| ২ | **স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভল** | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬১ লক্ষ (জিওবি: ১৮ লক্ষ, প্র.সা. ৪৩ লক্ষ) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪ লক্ষ ৫০ হাজার টাকা। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ২২ লক্ষ ২৬ হাজার টাকা (জিওবি: ৪ লক্ষ ৪২ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ১৭ লক্ষ ৮৪ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩৬.৪৯%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) মূলত জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পকে সাপোর্ট দেয়ার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল। এছাড়া প্রকল্পের মাধ্যমে ১৯টি উপকূলীয় জেলার Disaster Prone AreaAtlasপ্রস্তুত করতে হবে। এর মধ্যে ১৩ টি জেলার (বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, চাঁদপুর, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী সাতক্ষীরা, বাগেরহাট, খুলনা) Atlas তৈরি সম্পন্ন হয়েছে এবং বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট ৬ টি জেলার মধ্যে চট্টগ্রাম জেলার Atlas অনুমোদনের জন্য SID-তে রয়েছে ও কক্সবাজার জেলার Atlas মুদ্রণের জন্য প্রেরণ | ক) স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট প্রকল্পের মাধ্যমে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পে কী কী সহায়তা প্রদান করা হয়েছে তার একটি উপস্থাপনা সভাপতির অবগতির জন্য ০৬/১২/২০২১ তারিখের সভায় পেশ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপ |

| | | | | |
|---|---|---|---|---|
| | **পমেন্ট** (**Stat4Dev**) **প্রকল্প** মেয়াদ: জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০২১ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৭ কোটি ৩২ লক্ষ ৬৬ হাজার টাকা (জিওবি: ২ কোটি ৩৩ লক্ষ ১ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৪ কোটি ৯৯ লক্ষ ৬৫ হাজার টাকা)। প্রকল্প পরিচালক: জনাব মোঃ আক্তার হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস। | করা হয়েছে এবং বাকী ৪ টি জেলার (শরীয়তপুর, গোপালগঞ্জ, নড়াইল, যশোর) Atlas অনুমোদনের জন্য টেকনিক্যাল কমিটির সভা সম্পন্ন হয়েছে, দ্রুত SID তে প্রেরণ করা হবে। এছাড়া প্রকল্পের মাধ্যমে Bangladesh Geographical Information System Platform (BGISP) প্রস্তুত এবং এর ব্যবহার সংক্রান্ত গাইড লাইন চূড়ান্ত করা হয়েছে। | | রিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২), SID ও প্রকল্প পরিচালক |
| ৩ | **National** | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩৪ কোটি | ক) প্রকল্প পরিচালক প্রকল্পভুক্ত | অ |

| | | | | |
|---|---|---|---|---|
| | **Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প।**<br><br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা)। প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার | ৭০ লক্ষ টাকা (জিওবি ৪ কোটি ৫০ লক্ষ, প্রকল্প সাহায্য ৩০ কোটি ২০ লক্ষ) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ২৫ লক্ষ টাকা (জিওবি)। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ১ কোটি ৫৭ লক্ষ ৮৫ হাজার টাকা (জিওবি: ৬২ লক্ষ ২২ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৯৫ লক্ষ ৬৩ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪.৫৫%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পের মূল উদ্দেশ্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৮ অক্টোবর ২০১৩ সালে অনুমোদিত NSDS দলিল বাস্তবায়নের মাধ্যমে জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার মানোন্নয়ন। প্রকল্পের আওতায় ২৪ টি Deliverable দেয়ার কথা, প্রথম পর্যায়ে ১০টি Deliverable সরবরাহ করা হয়েছে, এগুলো সংশ্লিষ্ট উইং কর্তৃক বুঝে নেয়া হয়েছে। দ্বিতীয় পর্যায়ের ৫ টি Deliverable সরবরাহের অপেক্ষায় রয়েছে। টিএপিপি'র সংস্থান অনুযায়ী দেশে ও বিদেশে প্রশিক্ষণ চলমান। প্রকল্পের মেয়াদ ফেব্রুয়ারি ২০২২-এ শেষ হবে। কোভিড-১৯ এর কারণে কার্যক্রম কিছুটা ধীর হওয়াতে নির্ধারিত মেয়াদে প্রকল্পের সকল কার্যক্রম সম্পাদন সম্ভব হবে না বিধায় মেয়াদ বৃদ্ধির প্রয়োজন। | সকল কম্পোনেন্টের কাজ সম্পন্ন করার জন্য কত সময় প্রয়োজন তা যাচাই করে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করবে। | তিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | হোসেন, উপসচিব, SID। | | | ) SID এবং প্রকল্প পরিচালক |
| ৪ | **ন্যাশনাল হাউজ হোল্ড ডাটাবেইজ প্রকল্প।** প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৩ -ডিসেম্বর ২০২২ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা (জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা, প্রকল্প | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১৯ কোটি ৫৫ লক্ষ (জিওবি: ১ কোটি ৯৭ লক্ষ, প্র.সা. ১৭ কোটি ৫৮ লক্ষ) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৮ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ২ কোটি ৫ লক্ষ ২৭ হাজার টাকা (জিওবি: ৯ লক্ষ ৮১ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ১ কোটি ৯৫ লক্ষ ৪৬ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১০.৫০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) DDM-এর সঙ্গে সমন্বয় করে NHD-MIS Development-এর কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে। নিয়োজিত ফার্ম জানিয়েছে ডিসেম্বর ২০২১ এর মাঝামাঝি সময়ে NHD-MIS এর Demonstration করবে।<br>খ) প্রস্তুতকৃত ডেটাবেইজ ব্যবহারের জন্য ইতোমধ্যে বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এছাড়াও ভবিষ্যতে অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করা হবে।<br>গ) মহাপরিচালক, বিবিএস এর উপস্থিতিতে Xerox India Ltd.-এর সাথে variation কাজের জন্য outstanding payment বিষয়ে Amicable Settlement- সংক্রান্ত দুটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে খসড়া চুক্তিপত্র প্রস্তুতপূর্বক ১৬/১১/২০২১ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে। খসড়া চুক্তি অনুমোদনের পরে চূড়ান্ত চুক্তি সম্পাদন করা হবে। | ক) NHD-MIS Development-এর কাজ দ্রুত সম্পন্ন করত ব্যবহার উপযোগী করতে হবে।<br>খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহের সাথে ডেটাবেইজ ব্যবহার বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>গ) খসড়া সংশোধিত চুক্তি এবং Deed of Settlement যাচাই-বাছাইপূর্বক উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপস |

| | | | | |
|---|---|---|---|---|
| | সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা)। প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন (উপসচিব)। | | | চিব (উন্নয়ন-২ অধিশাখা), SID ও প্রকল্প পরিচালক |
| ৫ | **হাউজ হোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১) প্রকল্প** প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৭ কোটি ৮২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৯৫ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ১১ লক্ষ ২২ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৪৩%।<br>উপপ্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) ২৩/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত কর্মশালার মাধ্যমে প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়েছে, Sampling এর মাধ্যমে নমুনা এলাকা নির্বাচন করা হয়েছে। মূল জরিপ ০১/০১/২০২২ তারিখ থেকে শুরু করা হবে। | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী মূল জরিপের কাজ ০১/০১/২০২২ তারিখ থেকে শুরু করতে হবে এবং মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকি করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপ |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা (জিওবি)। প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | | | রিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |
| ৬ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-** | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪৪ কোটি ৫২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১০ কোটি ৫২ লক্ষ টাকা। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ৪৪ লক্ষ ১৩ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.৯৯%। ক) কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্পের ডেটা স্ক্যানিং, ক্যাপচারিং, এডিটিং ও টেবুলেশন কাজের জন্য নিয়োজিত ফার্মের কাজ সম্পন্ন করতে কী | ক) চুক্তি অনুযায়ী ৮ মাসের মধ্যে ফার্ম কর্তৃক কী পরিমাণ কাজ করার কথা এবং কী পরিমাণ কাজ সম্পন্ন হয়েছে তার হিসাব তৈরি করতে হবে। এছাড়া নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করতে না পারলে | অতিরিক্ত সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| | **২০১৮ প্রকল্প।** প্রকল্পের মেয়াদ: মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)। প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | কারণে বিলম্ব হচ্ছে সভাপতির এরূপ জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে উপপ্রকল্প পরিচালক জানান যে, উল্লেখিত কাজের জন্য ১৫ মাস সময়ের প্রয়োজন হলেও প্রকল্পের মেয়াদ কম থাকায় ৮ মাসের জন্য চুক্তি করা হয়, এছাড়া কোভিড-১৯ এর কারণে সৃষ্ট পরিস্থিতিতে নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করা যায়নি। | নিয়োজিত ফার্মকে কোন ক্ষতিপূরণ করতে হবে কি-না এ জাতীয় কোন clause চুক্তিতে ছিল কি-না তা ০২/১২/২০২১ তারিখে অনুষ্ঠিতব্য সভায় সভাপতির অবগতির জন্য উপস্থাপন করতে হবে। | (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | পরিচালক |
| ৭ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project** । প্রকল্পের মেয়াদ: মার্চ ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)। প্রকল্প পরিচালক : জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ১৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২১ লক্ষ ৪০ হাজার টাকা। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ৩ লক্ষ ৮৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.২১%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) ০৭/০৯/২০২১ তারিখে সংশোধিত DPP অনুমোদন হয় এবং ১৯/০৯/২০২১ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়। সংশোধিত ডিপিপি অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্পের অসমাপ্ত কাজ সম্পাদনের নিমিত্ত একটি বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। | ক) অবিলম্বে প্রকল্পের স্টিয়ারিং কমিটির বিশেষ সভা আহ্বানপূর্বক প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা উপস্থাপন ও অনুমোদন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিএস। | | | অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |
| ৮ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প** মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬ কোটি ৪৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ২২ লক্ষ ৫০ হাজার টাকা। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ২৭ লক্ষ ৩৩ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪.২৪%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে ২০২১ এবং এনভায়রনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার সার্ভে ২০২১ এর প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়েছে। মাঠ পর্যায়ে জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ-২০১৯ প্রকল্পের চলমান কার্যক্রম সম্পন্ন হলে উল্লেখিত ২ টি সার্ভের পাইলট টেস্টিং কার্যক্রম সম্পন্ন করা হবে। | ক) চলমান জাতীয় প্রতিবন্ধী জরিপ কার্যক্রমের কারণে ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে ২০২১ এবং এনভায়রনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার সার্ভের পাইলট টেস্টিংয়ের কার্যক্রম স্থগিত রাখা যাবে না। মাঠ পর্যায়ের জনবল এবং সময়ের যথাযথ সমন্বয়পূর্বক সকল কাজ যুগপৎ সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, |

| | | | | |
|---|---|---|---|---|
| | টাকা (জিওবি)। প্রকল্প পরিচালক: জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | | | উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ৯ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।** মেয়াদ: ০১ জুলাই ২০১৯ হতে ৩১ ডিসেম্বর | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২৫ লক্ষ ৭৫ হাজার টাকা। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ১০ লক্ষ ২৩ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯.৯৩%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) DPP এর সংশোধনী প্রস্তাব ১১/১১/২০২১ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে। | ক) প্রকল্পের সংশোধিত DPP অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) S |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২০২১ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৯৫ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্প পরিচালক: জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | | | ID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প** প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)। প্রকল্প পরিচালক: বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪ কোটি ১৯ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৪ লক্ষ ৭৫ হাজার টাকা। অক্টোবর ২০২১ পর্যন্ত ব্যয় ১৬ লক্ষ ১৬ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩.৮৬%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম চলমান। নমুনা খানা এবং নমুনা নির্বাচনের তালিকা প্রণয়নের নিমিত্ত তথ্য সংগ্রহকারীগণের নিয়োগ, লিস্টিং ফর্ম ও ম্যানুয়াল প্রণয়ন ও প্রি-টেস্ট সম্পাদন, তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজিং কর্মকর্তাগণের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতাধীন Labour Force Survey এর খানা লিস্টিং কার্যক্রম দেশ ব্যাপী মাঠ পর্যায়ে নির্ধারিত ১২৮৪ টি প্রাইমারি সার্ভে ইউনিট (PSU) এ Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। এছাড়া তথ্য ও উপাত্ত ধারণ এবং ডাটাবেইজ প্রণয়নের কার্যক্রমও চলমান। এছাড়া SDG অনুযায়ী Disability Module এবং অন্যান্য Module নিয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>খ) সভাপতি বলেন, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ-২০১৯ এর মাধ্যমে প্রতিবন্ধী সংক্রান্ত সকল তথ্য সংগ্রহ করা হচ্ছে, সেক্ষেত্রে শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্পে আলাদাভাবে Disability Module রাখার কারন কী জানতে চাইলে উপসচিব, SDG Cell, SID জানান যে, শ্রমবাজার ও প্রতিবন্ধিতা বিষয়ে SDG'র কিছু সূচক রয়েছে, যা বর্ণিত Module এর মাধ্যমে প্রদান করা সম্ভব হবে।<br>গ) পরিচালক, ইন্ড্রাস্ট্রি এন্ড লেবার উইং জানান যে, দেশের ১০ টি সেক্টরে Labour Demand Survey পরিচালনা করা হবে, যার মাধ্যমে শ্রমবাজারে কী ধরণের চাহিদা রয়েছে তাসহ অন্যান্য তথ্য পাওয়া যাবে। | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) শ্রম বাজার ও প্রতিবন্ধিতা বিষয়ে SDG সূচক কী কী এবং এগুলো কীভাবে এই সার্ভেতে Incorporate করা হবে তা আগামী সভায় জানাতে হবে।<br>গ) Labour Demand Survey একটি চমৎকার ও প্রয়োজনীয় উদ্যোগ। তরুণদেরকে কাজে লাগানো, সে অনুযায়ী কী প্রশিক্ষণের প্রয়োজন, শহর ও গ্রামভিত্তিক শ্রম চাহিদা, Labour Surplus বা আমদানির কারণ ইত্যাদি তথ্য আনার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | SID এবং প্রকল্প পরিচালক |
| ১১ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬০ লক্ষ টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ (আর্থ-সামাজিক উইং) হতে ২৫-১০-২০২১ খ্রিঃ তারিখে ২০.০৬.০০০০.৬১২.০০.১৭২.২১/২৬ সংখ্যক স্মারকে ২০২১-২২ অর্থবছরের এডিপিতে সংশ্লিষ্ট বিভাগের চলমান প্রকল্প হতে উপযোজনের মাধ্যমে “টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS)” প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। | ক) প্রকল্প পরিচালক চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের জন্য একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও ব্যয়-পরিকল্পনা প্রণয়ন করবেন এবং প্রয়োজনীয় অর্থের চাহিদা নিরূপণ করত মহাপরিচালক বিবিএসকে অবহিত করবেন। বিবিএস এর আওতায় ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নাধীন অন্য কোন প্রকল্প থেকে টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান করতে মহাপরিচালক, বিবিএস দ্রুত পদক্ষেপ গ্রহণ করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| | বেগম রেশমা জেসমিন, উপপরিচালক, বিবিএস। | | | (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ১২ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প** প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১ থেকে জুন ২০২৩ পর্যন্ত প্রাক্কলিত ব্যয়: ৪ | উপসচিব, উন্নয়ন-১ জানান<br>ক) মাননীয় পরিকল্পনামন্ত্রী কর্তৃক ১০/১১/২০২১ তারিখ প্রকল্পের সার-সংক্ষেপ অনুমোদন করেছেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ১৭/১১/২০২১ তারিখ প্রশাসনিক আদেশ জারি এবং প্রকল্পের অনুকূলে আর্থিক কোড নম্বর প্রদানের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রকল্প পরিচালক নিয়োগের জন্য ০৩ (তিন) জন কর্মকর্তার নাম (জীবনবৃত্তান্তসহ) প্রস্তাব করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ১৭/১১/২০২১ তারিখ মহাপরিচালক, বিবিএস-কে অনুরোধ জানানো হয়েছে। | ক) প্রকল্প পরিচালক নিয়োগের জন্য ০৩ (তিন) জন কর্মকর্তার নাম সম্বলিত (জীবনবৃত্তান্তসহ) একটি প্রস্তাব দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচা |

| | | | | |
|---|---|---|---|---|
| | কোটি ৯ ৯ লক্ষ ২ ০ হাজার টাকা (জিওবি) | | | লক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

**৪। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি-তে অন্তর্ভুক্ত ও এডিপি বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ**

| ক্র নঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান- প্রকল্প ২০১৯** প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২১ পর্যন্ত প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা। ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br><br>জনাব মোঃ আব্দুল হালিম, উপপরিচালক, বিবিএস। | "খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২" প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৩০-০৯-২০২১ তারিখে অনুমোদিত হয়েছে। এ প্রকল্পের আওতায় CAPI পদ্ধতিতে জরিপ পরিচালনার বিষয়টি অন্তর্ভুক্ত করে সে অনুযায়ী প্রকল্পের ব্যয় খাতসমূহ পুন:পর্যালোচনা করে প্রকল্পের নাম ও মেয়াদ পরিকল্পনা কমিশনের ০৫/১০/২০২১ তারিখের পত্রের নির্দেশনা মতে সংযোজনপূর্বক পুনর্গঠিত ডিপিপি জরুরিভিত্তিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য ২৫/১০/২০২১ তারিখে এ বিভাগ হতে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | পরিকল্পনা কমিশনের ০৫/১০/২০২১ তারিখের পত্র অনুযায়ী প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দ্রুত এসআইডিতে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID, সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প** প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২১- জুন ২০২৩ পর্যন্ত প্রস্তাবিত ব্যয়: ৩৯ কোটি ৮১ লক্ষ ৯৪ হাজার টাকা। | মাননীয় পরিকল্পনামন্ত্রীর নীতিগত অনুমোদনের জন্য প্রস্তাবিত প্রকল্পের সার-সংক্ষেপ ২৭/০৯/২০২১ তারিখে উপস্থাপন করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্প বিষয়ে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, সংশ্লিষ্ট অন্যান্যসহ মন্ত্রী, প্রতিমন্ত্রীর দপ্তরে একটি উপস্থাপনা প্রদান করার জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৬/১০/২০২১ তারিখে এ বিভাগ হতে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগের বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ২৩/১১/২০২১ তারিখ মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | মাননীয় পরিকল্পনামন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রকল্প বিষয়ে উপস্থাপনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **অর্থনৈতিক শুমারি ২০২৩** প্রস্তাবিত মেয়াদ: জানুয়ারি ২০২২- ডিসেম্বর ২০২৬ পর্যন্ত প্রস্তাবিত ব্যয়: ৬৬২ কোটি ৭১ লক্ষ ৮৬ হাজার টাকা ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | "অর্থনৈতিক শুমারি-২০২৩" শীর্ষক প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি সংশোধন/ সংযোজন করে পুনরায় প্রেরণ করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ১৬/১১/২০২১ তারিখে বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | যাচাই বাছাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি দ্রুত SID-তে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID, সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

**৫.০। বিবিধ:**

| ক্রঃ নঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | **২০২১-২০২২ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন।** | প্রকল্পের আর্থিক অগ্রগতি তদারকির জন্য ব্যয় পরিকল্পনা করা প্রয়োজন। | ২০২১-২০২২ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা আগামী সভায় দাখিল করতে হবে। | মহাপরিচালক, বিবিএস এবং সকল প্রকল্প পরিচালক |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. শাহনাজ আরেফিন. এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২০.০৬.৪৪০.১৮.৩৮

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৮
২৯ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উন্নয়ন প্রকল্পসমূহের মাসিক পর্যালোচনা সভায় আমন্ত্রিত কর্মকর্তা (সকল), এসআইডি ও বিবিএস।
২) জনাব কাজী তোফায়েল হোসেন , প্রকল্প পরিচালক, ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD) প্রকল্প
৩) জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া , প্রকল্প পরিচালক, Improvement of GDP Compilation and Rebasing of Indices Project
৪) বেগম আজিজা রহমান, প্রকল্প পরিচালক, শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প
৫) বেগম রেশমা জেসমিন, প্রকল্প পরিচালক, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প (Literacy Assesment Survey –LAS)
৬) জনাব আমজাদ হোসেন, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অর্থনৈতিক শুমারি ২০২৩
৭) মহাপরিচালক , পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৮) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৯) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১০) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

জেসমীন আকতার
উপসচিব